# বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন

আইসিটি বিভাগ, বিসিআইসি, ঢাকা।

**বিষয়ঃ ইনোভেশন টিম/কমিটির মাসিক নিয়মিত ১৯ তম (২০২০-২১ অর্থ বছরের ২য়) সভার কার্যবিবরণী।**

জানুয়ারি ১১, ২০২১ তারিখ সোমবার ১০:০০ ঘটিকায় সংস্থার পরিচালক (পরিকল্পনা ও বাস্তবায়ন) ও পরিচালক (কারিগরি ও প্রকৌশল) (অতিরিক্ত দায়িত্ব) এবং ইনোভেশন অফিসার জনাব মোঃ লুৎফর রহমান, এফসিএমএ এর সভাপতিত্বে বিসিআইসি এর ৫ম তলার কনফারেন্স রূমে ইনোভেশন টিম/কমিটির নিয়মিত সভা ভিডিও কনফারেন্সিং এর মাধ্যমে অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত ইনোভেশন টিম/কমিটির সদস্য/কর্মকর্তাদের নামের তালিকা (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) নিম্নরূপ:

| ক্রম | নাম | পদবী |
|---|---|---|
| ১ | জনাব মোঃ শাহীন কামাল | পরিচালক (উৎপাদন ও গবেষণা) ও সদস্য, ইনোভেশন টিম বিসিআইসি। |
| ২ | জনাব মোঃ ছাকী হোসেন | কর্মচারী প্রধান ও সদস্য, ইনোভেশন টিম বিসিআইসি |
| ৩ | জনাব শ্যামলেন্দু দত্ত | প্রধান প্রকৌশলী, এমটিএস বিভাগ ও সদস্য, ইনোভেশন টিম বিসিআইসি। |
| ৪ | জনাব মোঃ গোলাম ফারুক | হিসাব নিয়ন্ত্রক ও সদস্য, ইনোভেশন টিম বিসিআইসি। |
| ৫ | মীর মনির হোসেন | মহাব্যবস্থাপক, পিআইডি ও সদস্য, ইনোভেশন টিম বিসিআইসি। |
| ৬ | জনাব এ বি এম ফেরদৌস | মহাব্যবস্থাপক, আইসিটি বিভাগ ও সদস্য-সচিব, ইনোভেশন টিম বিসিআইসি। |
| ৭ | জনাব শেখর ভট্টাচার্য্য | মহাব্যবস্থাপক, পরিকল্পনা বিভাগ ও সদস্য, ইনোভেশন টিম বিসিআইসি। |
| ৮ | ডঃ মোঃ মহিউদ্দিন | অতিঃ প্রধান রসায়নবিদ এবং মহাব্যবস্থাপক, আরপিডি (দায়িত্বপ্রাপ্ত) ও সদস্য, ইনোভেশন টিম বিসিআইসি |

২.০ সভার শুরুতে সভাপতি মহোদয় ইনোভেশন টিমের সকল সম্মানিত কর্মকর্তা/টিমের সদস্যদের স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতে তিনি "বিসিআইসি'র বার্ষিক ইনোভেশন কর্মপরিকল্পনা প্রণয়ন ছক ২০২০-২১" এর ১৬.১ এ বর্ণিত "বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা অর্ধ-বার্ষিক স্ব- মূল্যায়ন" এর তথ্য উপাত্ত উপস্থাপন করার জন্য মহাব্যবস্থাপক ও বিভাগীয় প্রধান, আইসিটি-কে অনুরোধ করেন।

৩.০ সভায় এ পর্যায়ে বিগত ০৯ জুলাই ২০২০ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী উপস্থাপন করলে তাতে কারো কোন সংযোজন, বিয়োজন বা সংশোধনী না থাকায় সর্ব্বসম্মতক্রমে তা গৃহীত হয়।

৪.০. আলোচনাঃ

৪.১) ইনোভেশন কমিটির সদস্য সচিব ও বিভাগীয় প্রধান আইসিটি জানান যে, "বিসিআইসি'র বার্ষিক ইনোভেশন কর্মপরিকল্পনা প্রণয়ন ছক ২০২০-২১" এ উল্লিখিত ১৬.১ এর বর্ণনানুযায়ী ৩১-০১-২০২১ তারিখের মধ্যে "বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা অর্ধ-বার্ষিক স্ব- মূল্যায়ন" করার বাধ্যবাধকতা রয়েছে। তাছাড়া "বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা অর্ধ-বার্ষিক স্ব- মূল্যায়ন" পূর্বক অনুমোদনক্রমে ১৫-০২-২০২১ তারিখের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করলে বিসিআইসি এর অনুকূলে পূর্ণ সূচক অর্জিত হবে। এরপর ইনোভেশন কমিটির সদস্য সচিব ও বিভাগীয় প্রধান আইসিটি বিভাগ "বিসিআইসি'র বার্ষিক ইনোভেশন কর্মপরিকল্পনা প্রণয়ন ছক ২০২০-২১" এর ১৬.১ এ বর্ণিত "বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা অর্ধ-বার্ষিক স্ব-মূল্যায়ন" তথ্য উপাত্ত উপস্থিত সদস্যগণের নিকট নিয়োক্তভাবে উপস্থাপন করেন।

**২০২০-২১ অর্থ বছরের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা অনুযায়ী অর্ধ-বার্ষিক স্ব-মূল্যায়ন পর্যালোচনা**

| ক্রম | বিষয় | কার্যক্রম | বাস্তবায়ন অগ্রগতি | |
|---|---|---|---|---|
| | | | ২০১৯-২০২০ | ২০২০-২০২১ |
| ১. | উদ্ভাবন কর্মপরিকল্পনার বাস্তবায়নের অগ্রগতি | উদ্ভাবন কর্মপরিকল্পনার বাস্তবায়নের অগ্রগতি (%) | ৬০% | ৬০% |
| ২. | উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণয়ন (২০১৯-২০২০ অর্থ বছরের) | ২.১ বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণয়ন করা (তারিখ উল্লেখ করুন) | ৩০/০৬/২০১৯ | ২৮/০৬/২০২০ |
| | | ২.২ বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ (তারিখ উল্লেখ করুন) | ৩০/০৬/২০১৯ | ২৯/০৬/২০২০ |
| | | ২.৩ বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা স্বীয় ওয়েবসাইটে প্রকাশ করা (তারিখ উল্লেখ করুন) | ৩০/০৬/২০১৯ | ২৯/০৬/২০২০ |
| ৩. | ইনোভেশন টিমের সভা | ৩.১ ইনোভেশন টিমের সভা আয়োজন (বছরে ০৬ টি) | ৪ টি | ০২ টি |
| | | ৩.২ ইনোভেশন টিমের সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি হার (%) | ৭৫% | ৮০% |

| ক্রম | বিষয় | কার্যক্রম | বাস্তবায়ন অগ্রগতি | |
|---|---|---|---|---|
| | | | ২০১৯-২০২০ | ২০২০-২০২১ |
| ৪. | নাগরিক সেবায় উদ্ভাবনী সক্ষমতা বৃদ্ধি | ৪.১ এক দিনের ওরিয়েনটেশন/কর্মশালা/সেমিনার আয়োজন/পরিকল্পনা (০১ টি) | ০১ টি করা হয়েছিল। | হয়নি। জানুয়ারি ২০২১ এর শেষ সপ্তাহে করার পরিকল্পনা রয়েছে |
| | | ৪.২ উদ্ভাবন সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ০২ দিনের প্রশিক্ষণ আয়োজন অগ্রগতি/পরিকল্পনা (১০ জন কর্মকর্তা) | হয়নি | হয়নি। ফেব্রুয়ারি ২০২১ এর ২য় সপ্তাহে করার পরিকল্পনা রয়েছে |
| | | ৪.৩ উদ্ভাবন সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ০৫ দিনের নাগরিক সেবায় উদ্ভাবন প্রশিক্ষণ আয়োজন (১০ জন কর্মকর্তা) | হয়নি | ১০০%<br>৪৫ জন কর্মকর্তা |
| | | ৪.৪ উদ্ভাবন কার্যক্রমের সংগে সম্পৃক্ত কর্মকর্তাগণের বিদেশে শিক্ষা সফর অগ্রগতি (কর্মকর্তার সংখ্যা/পরিকল্পনা) | হয়নি | ০২ জন |
| ৫. | উদ্ভাবনী উদ্যোগের পাইলটিং | ৫.১ নূন্যতম ০২টি উদ্ভাবনী উদ্যোগের পাইলটিং বাস্তবায়নের অগ্রগতি/পরিকল্পনা (%) | "শীট গ্লাস ডেলিভারীতে খড়ের পরিবর্তে ঘাস ব্যবহার করা" এবং "গাছ লাগানোর মাধ্যমে পতিত ভূমি দখলমুক্ত রাখা ও বেদখল জায়গা দখল মুক্ত করা এবং গ্রীন বাংলাদেশ গঠনে ভূমিকা রাখা" বিষয়ক পরিকল্পনা ৯০% বাস্তবায়ন করা হয়েছিল। | কারখানার Important equipment, instruments এবং pipeline মেরামত সংক্রান্ত Job history সংরক্ষণ করা।<br>শুষ্ক মৌসুমে ওয়াসার পানির সাহায্যে ডেমি পানি উৎপাদন।<br>নৈমিত্তিক ছুটির ই-নথি আবেদন ফরম প্রবর্তন।<br>বিষয়ক উদ্ভাবনী প্রস্তাবনাসমূহ শতভাগ বাস্তবায়ন করা হয়েছে। |
| | | ৫.২ মাঠ পর্যায়ে চলমান উদ্ভাবনী উদ্যোগসমূহ সরেজমিন পরিদর্শন ও প্রয়োজনীয় সহায়তা প্রদান অগ্রগতি/পরিকল্পনা | ৫ টি ভিজিট করা হয়েছিল। | ০১ টি ভিজিট করা হয়েছে। |
| | | ৫.৩ আওতাধীন দপ্তর সংস্থার পাইলটিং প্রকল্পের তালিকা তৈরি ও ওয়েবসাইটে প্রকাশ অগ্রগতি (হ্যাঁ/না) | না | প্রকাশ করা হয়েছে |
| ৬. | ইনোভেশন শোকেসিং/সার্কেল | ৬.১ ইনোভেশন শোকেসিং/সার্কেল আয়োজন অগ্রগতি/পরিকল্পনা (তারিখ) | ১৫/০৫/২০২০ খ্রি. তারিখের মধ্যে করার পরিকল্পনা ছিল | ৩১/০৩/২০২১ খ্রি. তারিখের মধ্যে করার পরিকল্পনা আছে |
| | | ৬.২ শোকেসিং-এর মাধ্যমে রেপ্লিকেশনযোগ্য উদ্ভাবনী উদ্যোগ নির্বাচন অগ্রগতি/পরিকল্পনা (তারিখ) | ৩০/০৬/২০২০খ্রি. তারিখের মধ্যে করার পরিকল্পনা ছিল | ৩০/০৪/২০২১খ্রি. তারিখের মধ্যে করার পরিকল্পনা আছে |
| ৭. | উদ্ভাবনী উদ্যোগ আঞ্চলিক (রেপ্লিকেশন) ও জাতীয় (স্কেলআপ) পর্যায়ে বাস্তবায়ন | ৭.১ উদ্ভাবনী উদ্যোগ আঞ্চলিক/জাতীয় পর্যায়ে বাস্তবায়িত অগ্রগতি/পরিকল্পনা | ০১ টি সম্পাদন করা হয়েছিল। | ০১ টি ইতোমধ্যে সম্পাদন করা হয়েছে। |
| | | ৭.২ বাস্তবায়িত উদ্ভাবনী উদ্যোগের ডকুমেন্টেশন (ওয়ান মিনিট ভিডিও) ও প্রকাশনা তৈরির অগ্রগতি/পরিকল্পনা | ১৬/০৬/২০২০খ্রি. তারিখের মধ্যে করার পরিকল্পনা ছিল | ১৫/০৫/২০২১খ্রি. তারিখের মধ্যে করার পরিকল্পনা আছে |
| ৮. | ইনোভেশন মেন্টরিং | ৮.১ মেন্টর-মেন্টি নির্বাচন ও তালিকা প্রস্তুতকরণের অগ্রগতি/পরিকল্পনা | তালিকা প্রস্তুত করে ওয়েব সাইটে প্রকাশ করা হয়েছিল। | তালিকা প্রস্তুত করে ওয়েব সাইটে প্রকাশ করা হয়েছে। |
| | | ৮.২ দুই দিনের মেন্টরিং কর্মশালা আয়োজন অগ্রগতি/পরিকল্পনা | মার্চ ২০২০ এর মধ্যে করার পরিকল্পনা ছিল। | এপ্রিল ২০২০ এর মধ্যে করার পরিকল্পনা রয়েছে। |
| | | ৮.৩ কতজন কর্মকর্তা উদ্ভাবককে সহায়তা করার জন্য সক্রিয়ভাবে মেন্টরিং কার্যক্রমে যুক্ত আছেন? | ২৭ জন। | ৩৫ জন। |
| | | ৮.৪ মেন্টরিং কার্যক্রম (মেন্টর ও মেন্টিদের) কিভাবে ফলোআপ করা হচ্ছে? | মনিটরিং এর মাধ্যমে | মনিটরিং এর মাধ্যমে |
| ৯. | স্বীকৃতি বা প্রণোদনা প্রদান | ৯.১ উদ্ভাবকদের প্রশংসাসূচক উপ-আনুষ্ঠানিক পত্র/ সনদপত্র/ ক্রেস্ট/পুরস্কার প্রদান (কতজন) | অর্থ বছর শেষে ৪ জনকে প্রদান করা হয়েছিল। | ২০২১ সনের মে মাসের শেষ সপ্তাহে ৪ জনকে প্রদান করার পরিকল্পনা রয়েছে। |
| | | ৯.২ উদ্ভাবকগণের দেশে শিক্ষা সফর/প্রশিক্ষণ/ নলেজ শেয়ারিং প্রোগ্রামে প্রেরণ (অগ্রগতি/ পরিকল্পনা) | ০২ টি কারখানা যথাঃ জেএফসিএল ও সিইউএফএল গমণ করে নলেজ শেয়ারিং করা হয়েছিল। | ০৬ টি কারখানা যথাঃ কেপিএমএল, সিইউএফএল, জেএফসিএল, সিসিসি, ডিএপিএফসিএল, টিএসপিসিএল গমণ করে নলেজ শেয়ারিং করা হয়েছে। |

| ক্রম | বিষয় | কার্যক্রম | বাস্তবায়ন অগ্রগতি | |
|---|---|---|---|---|
| | | | ২০১৯-২০২০ | ২০২০-২০২১ |
| | | ৯.৩ উদ্ভাবকগণের বিদেশে শিক্ষা সফর/প্রশিক্ষণ/ নলেজ শেয়ারিং প্রোগ্রামে প্রেরণ (অগ্রগতি/ পরিকল্পনা) | হয়নি | হয়নি |
| ১০. | ইনোভেশন ফান্ড বরাদ্দ | ১০.১ ইনোভেশন সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়নে জন্য প্রাপ্ত বাজেট (টাকায়) | ৫০ লক্ষ টাকা | ৫০ লক্ষ টাকা |
| | | ১০.২ ইনোভেশন সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়নে বরাদ্দকৃত অর্থ ব্যয় (%) | ০.৭৫% | ১৩.২৮% |
| ১১. | আওতাধীন অধিদপ্তর/ দপ্তর সংস্থার ইনোভেশন কার্যক্রম পরিবীক্ষণ | ১১.১ আওতাধীন দপ্তর / সংস্থার উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণয়ন কার্যক্রম পরিবীক্ষণ (অগ্রগতি) | ভিজিটের মাধ্যমে মনিটরিং করা হয়েছিল। | ভিজিটের মাধ্যমে মনিটরিং করা হচ্ছে। |
| | | ১১. সংশ্লিষ্ট দপ্তর / সংস্থার উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন পরিবীক্ষণ (অগ্রগতি) | ১০০% | ১০০% |
| ১২. | ইনোভেশন-সংক্রান্ত তথ্য হালনাগাদকরণ | ১২.১ ওয়েবসাইটে ইনোভেশন কর্নারের সকল তথ্য হালনাগাদকরণের অগ্রগতি | ১০০% | ১০০% |

উপস্থাপিত “বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা অর্ধ-বার্ষিক স্ব- মূল্যায়ন” এর খসড়া যাচায়ান্তে সর্বসম্মতিক্রমে চূড়ান্তকরণ করা হয়। পরবর্তীতে ইনোভেশন কমিটি কর্তৃক ১১ জানুয়ারি ২০২১ তারিখের সভায় সর্ব সম্মতিক্রমে প্রণীত “বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা অর্ধ-বার্ষিক স্ব- মূল্যায়ন” প্রতিবেদন বিসিআইসি এর চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে কর্মপরিকল্পনা ২০২০-২০২১ অনুযায়ী ১৫/০২/২০২১ তারিখের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের নিমিত্ত শিল্প মন্ত্রণালয়ে প্রেরণ করার জন্য উপস্থিত সকলে ঐকমত্য পোষণ করেন।

৪.২) সভার সভাপতি ও ইনোভেশন অফিসার জনাব মোঃ লুৎফর রহমান, এফসিএমএ বলেন যে, বিসিআইসি’র বার্ষিক ইনোভেশন পরিকল্পনা অনুযায়ী এক দিনের ওরিয়েনটেশন/কর্মশালা/সেমিনার জানুয়ারি ২০২১ এর শেষ সপ্তাহে, উদ্ভাবন সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ০২ দিনের প্রশিক্ষণ ফেব্রয়ারি ২০২১ এর ২য় সপ্তাহে এবং দুই দিনের মেন্টরিং কর্মশালা মার্চ ২০২১ এর শেষ সপ্তাহে আয়োজন করা যেতে পারে এ বিষয়ে একটি পরিকল্পনা তৈরি করে পরিকল্পনা অনুযায়ী নথি উপস্থাপন করা যেতে পারে। বিসিআইসি’র বার্ষিক ইনোভেশন পরিকল্পনা শতভাগ বাস্তবায়নের লক্ষ্যে প্রশিক্ষণ আয়োজনের বিষয়ে উপস্থিত সকলে ঐকমত্য পোষণ করেন।

৪.৩) পরিচালক (উৎপাদন ও গবেষণা) ও সদস্য, ইনোভেশন টিম বিসিআইসি জনাব মোঃ শাহীন কামাল জানান যে, “বিসিআইসি’র বার্ষিক ইনোভেশন কর্মপরিকল্পনা প্রণয়ন ছক ২০২০-২০২১” এর ক্রমিক ৯.১ এ উল্লিখিত “উদ্ভাবকদের প্রশংসাসূচক উপ-আনুষ্ঠানিক পত্র/ সনদপত্র/ ক্রেস্ট/পুরস্কার প্রদান” এর বিষয়টি ইনোভেশন টিম/কমিটির মাসিক নিয়মিত দ্বাদশ (২০১৯-২০ অর্থ বছরের ১ম) সভার কার্যবিবরণীর (৪.১) নং সিদ্ধান্ত অনুযায়ী করা যেতে পারে। বিষয়টি বিস্তারিত আলোচনান্তে সনদ ও অর্থ পুরস্কার প্রদানের জন্য উপস্থিত সকলে ঐকমত্য পোষণ করেন।

৪.৪) সভার সভাপতি ও ইনোবেশন অফিসার জনাব মোঃ লুৎফর রহমান, এফসিএমএ বলেন যে, “বিসিআইসি’র বার্ষিক ইনোভেশন কর্মপরিকল্পনা প্রণয়ন ছক ২০২০-২০২১” এর ক্রমিক ৬.১ ও ৬.২ এ উল্লিখিত “ইনোভেশন শোকেসিং/সার্কেল আয়োজন অগ্রগতি/পরিকল্পনা” এবং “শোকেসিং-এর মাধ্যমে রেপ্লিকেশনযোগ্য উদ্ভাবনী উদ্যোগ নির্বাচন অগ্রগতি/পরিকল্পনা” মার্চ ও এপ্রিল ২০২১ এর মধ্যে আয়োজন করা যেতে পারে। “বিসিআইসি’র বার্ষিক ইনোভেশন কর্মপরিকল্পনা প্রণয়ন ছক ২০২০-২০২১” এর ক্রমিক ১৫.১ এ উল্লিখিত “আওতাধীন অধিদপ্তর/ দপ্তর সংস্থার ইনোভেশন কর্মপরিকল্পনা প্রণয়ন কার্যক্রম পরিবীক্ষণ” সম্পন্ন হয়েছে বিধায় ১৫.২ এ উল্লিখিত “আওতাধীন অধিদপ্তর/ দপ্তর সংস্থার ইনোভেশন কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ” কার্যক্রম অব্যহত রাখতে হবে। যে সকল কারখানা/প্রতিষ্ঠান তাদের ইনোভেশন কর্মপরিকল্পনা প্রণয়ন করেছে তাদের অর্ধ-বার্ষিক বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রেরণের জন্য পত্র প্রেরণ করা যেতে পারে। সভার সভাপতি ও ইনোভেশন অফিসারের প্রস্তাবে উপস্থিত সকলে ঐকমত্য পোষণ করেন।

৪.৫) ইনোভেশন কমিটির সদস্য সচিব ও বিভাগীয় প্রধান আইসিটি বিভাগ জানান যে, “বিসিআইসি’র বার্ষিক ইনোভেশন কর্মপরিকল্পনা প্রণয়ন ছক ২০২০-২০২১” এর ক্রমিক ২.১ এ ২০২০-২১ অর্থ-বছরে ইনোভেশন টিমের ০৬ টি সভা অনুষ্ঠান করার বাধ্যবাধকতা রয়েছে। ইতোমধ্যে ০২ টি সভা সম্পাদন করা হয়েছে। অবশিষ্ট ০৪ টি সভা নিম্নোক্ত তারিখ অনুযায়ী করা যেতে পারে।

| ক্রম | নিয়মিত সভা | ২০২০-২১ অর্থ বছরের সভা | তারিখ | বার |
|---|---|---|---|---|
| ১ | ২০তম | ৩য় | ২৮/০১/২০২১ | বৃহস্পতি |
| ২ | ২১তম | ৪র্থ | ১০/০২/২০২১ | বুধবার |
| ৩ | ২২তম | ৫ম | ১৫/০৩/২০২১ | সোমবার |
| ৪ | ২৩তম | ৬ষ্ঠ | ২৭/০৪/২০২১ | মঙ্গলবার |

এ বিষয়ে উপস্থিত সকলে ঐকমত্য পোষণ করেন।

৫. সভার সিদ্ধান্তসমূহ:

৫.১) ইনোভেশন কমিটি কর্তৃক ১১ জানুয়ারি ২০২১ তারিখের সভায় এই কার্যবিবরণীর ৪.১ আলোচনায় উপস্থাপিত এবং সর্ব সম্মতিক্রমে প্রণীত "বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা অর্ধ-বার্ষিক স্ব- মূল্যায়ন" প্রতিবেদন বিসিআইসি এর চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে কর্মপরিকল্পনা ২০২০-২০২১ অনুযায়ী ১৫-০২-২০২১ তারিখের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের নিমিত্ত শিল্প মন্ত্রণালয়ে প্রেরণ করার সুপারিশ করা গেল।

বাস্তবায়নে: সদস্য সচিব, ইনোভেশন কমিটি, বিসিআইসি।

৫.২) বিসিআইসি'র বার্ষিক ইনোভেশন পরিকল্পনা অনুযায়ী এক দিনের ওরিয়েনটেশন/কর্মশালা/সেমিনার জানুয়ারি ২০২১ এর শেষ সপ্তাহে, উদ্ভাবন সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ০২ দিনের প্রশিক্ষণ ফেব্রয়ারি ২০২১ এর ২য় সপ্তাহে এবং দুই দিনের মেন্টরিং কর্মশালা মার্চ ২০২১ এর শেষ সপ্তাহে আয়োজন করার পরিকল্পনা তৈরি ও বাস্তবায়ন করতে হবে।

বাস্তবায়নে: সদস্য সচিব, ইনোভেশন কমিটি, বিসিআইসি।

৫.৩) ইনোভেশন টিম/কমিটির মাসিক নিয়মিত দ্বাদশ (২০১৯-২০ অর্থ বছরের ১ম) সভার কার্যবিবরণীর (৪.১) নং সিদ্ধান্ত অনুযায়ী "বিসিআইসি'র বার্ষিক ইনোভেশন কর্মপরিকল্পনা প্রণয়ন ছক ২০২০-২০২১" এর ক্রমিক ৯.১ এ উল্লিখিত "উদ্ভাবকদের প্রশংসাসূচক উপ-আনুষ্ঠানিক পত্র/ সনদপত্র/ ক্রেস্ট/পুরস্কার প্রদান" এর বিষয়টি বাস্তবায়নের জন্য উন্নতমানের ক্রেস্ট, সনদ ও অর্থ পুরস্কার প্রদান করতে হবে।

বাস্তবায়নে: সদস্য সচিব, ইনোভেশন কমিটি, বিসিআইসি।

৫.৪) চলতি ২০২০-২১ অর্থ বছরের মার্চ/এপ্রিল এর মধ্যে নিজেদের উদ্যোগে "ইনোভেশন শোকেসিং" আয়োজনের মাধ্যমে বাস্তবায়নপূর্বক বিসিআইসি'র অনুকূলে পূর্ণসূচক অর্জনে সচেষ্ট হতে হবে।

বাস্তবায়নে: বিভাগীয় প্রধান, আরপিডি, বিসিআইসি।

৫.৫) বিসিআইসি নিয়ন্ত্রণাধীন যে সকল কারখানা/প্রতিষ্ঠান তাদের ইনোভেশন কর্মপরিকল্পনা প্রণয়ন করেছে তাদের অর্ধ-বার্ষিক বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রেরণের জন্য পত্র প্রেরণ করতে হবে।

বাস্তবায়নে: সদস্য সচিব, ইনোভেশন কমিটি, বিসিআইসি।

৫.৬) ইনোভেশন কমিটির অবশিষ্ট ০৪ টি সভা নিম্নোক্ত তারিখ অনুযায়ী আয়োজন করার জন্য সচেষ্ট থাকতে হবেঃ

| ক্রম | নিয়মিত সভা | ২০২০-২১ অর্থ বছরের সভা | তারিখ | বার |
|---|---|---|---|---|
| ১ | ২০তম | ৩য় | ২৮/০১/২০২১ | বৃহস্পতি |
| ২ | ২১তম | ৪র্থ | ১০/০২/২০২১ | বুধবার |
| ৩ | ২২তম | ৫ম | ১৫/০৩/২০২১ | সোমবার |
| ৪ | ২৩তম | ৬ষ্ঠ | ২৭/০৪/২০২১ | মঙ্গলবার |

বাস্তবায়নে: সদস্য সচিব, ইনোভেশন কমিটি, বিসিআইসি।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

13/01/2021

(মোঃ লুৎফর রহমান, এফসিএমএ)
পরিচালক (পরিকল্পনা ও বাস্তবায়ন)
ও
পরিচালক (কারিগরি ও প্রকৌশল) (অতি: দা:)
এবং
ইনোভেশন অফিসার, বিসিআইসি।